**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ বিশ্ব রক্তদাতা দিবস পালিত ।**

**(২) কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব আজ নতুন তিন ফৌজদারি আইন কার্যকর করার ব্যাপারে অগ্রগতি নিয়ে রাজ্যে প্রশাসনের সংশ্লিষ্ট দপ্তরের পদস্থ আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেছেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ইতালির আপুলিয়াতে জি 7 শীর্ষ সম্মেলনের অবসরে একাধিক দ্বিপাক্ষিক বৈঠক করেছেন ।**

**(৪) সদরের আন্ত: স্কুল মেয়েদের টি-২০ ক্রিকেটের ফাইন্যালে আসাম রাইফেলস পাব্লিক স্কুল খেলবে প্রণবানন্দ বিদ্যামন্দিরের বিরুদ্ধে ।**

*******************************************

**World Blood Donation Day-CM :**

সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ বিশ্ব রক্তদাতা দিবস পালিত হচ্ছে। বিশ্ব রক্তদাতা দিবসের এই বছরের ভাবনা: "দানের ২০

বছর উদযাপন: রক্তদাতাদের ধন্যবাদ। এ উপলক্ষ্যে আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, রাজ্য সরকার বছরে পঞ্চাশ হাজার ইউনিট রক্ত সংগ্রহের লক্ষ্যমাত্রা নিয়েছে। এরজন্য ক্লাব, স্বেচ্ছাসেবী সংস্থাগুলির পাশাপাশি কলেজ এবং বিশ্ববিদ্যালয় সহ বিভিন্ন সরকারী অফিসে বছরে দুবার রক্তদান শিবির করার উদ্যোগ নিয়েছে স্বাস্থ্য দপ্তর। তিনি রক্তদানের গুরুত্ব তুলে ধরার পাশাপাশি নতুন প্রজন্মকে আরো বেশী করে রক্তদানে আগ্রহী করে তোলার উপর গুরুত্ব আরোপ করেন। এই অনুষ্ঠানে এর আগে রাজ্য স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে পঁয়তাল্লিশ লক্ষ আঠাশ হাজার টাকা ব্যয়ে একটি রক্ত পরিবাহী ভ্যান ধলাই জেলা হাসপাতালের জন্য প্রদান করা হয়। স্বাস্থ্য দপ্তর ও ত্রিপুরা রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে তিনজন নিয়মিত ও-নেগেটিভ রক্তদাতাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, ত্রিপুরা রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদের সদস্য সচিব ডাঃ বিশ্বজিৎ দেববর্মা, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডাঃ সঞ্জীব দেববর্মা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস, জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন ডিরেক্টর রাজীব দত্ত এবং ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির প্রকল্প অধিকর্তা ডাঃ সমর্পিতা দত্ত।

**************************

**Meeting on 03 new law at secreteriet :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব আজ নতুন তিন ফৌজদারি আইন কার্যকর করার ব্যাপারে অগ্রগতি নিয়ে রাজ্যে প্রশাসনের সংশ্লিষ্ট দপ্তরের

পদস্থ আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেছেন। সচিবালয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই বৈঠকে রাজ্যের মুখ্য সচিব জে কে সিনহা, স্বরাষ্ট্র, তথ্য সংস্কৃতি, আইন ও স্বাস্থ্য সচিবগণ, রাজ্য পুলিশের মহানির্দেশক, আইন সেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ও অন্যান্য পদস্থ আধিকারিকগণ বৈঠকে অংশ গ্রহণ করেন। সচিবালয়ে সূত্রে জানা গেছে, রাজ্যে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিন আইনের উপর পুলিশ ও প্রশাসনের আধিকারিকদের কতটুকু প্রশিক্ষণ দেওয়া হয়েছে এই সম্পর্কে পুলিশ মহা নির্দেশক ও স্বরাষ্ট্র সচিব বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিবকে অবহিত করেন। পুলিশ মহানির্দেশক অমিতাভ রঞ্জন জানান, আগামী পয়লা জুলাই থেকে প্রত্যেক থানায় নতুন তিন ফৌজদারি আইন সম্পর্কে সাধারণ নাগরিকদের সচেতন করতে কর্মসূচি নেওয়া হবে। উল্লেখ্য, আগামী পয়লা জুলাই থেকে এই নতুন তিন ফৌজদারি আইন দেশে বলবৎ হবে।

************************

**Review Meeting :**

তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাসের পৌরোহিত্যে আজ তপশিলি জাতি কল্যাণ দপ্তরের কার্যালয়ে পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে মন্ত্রী শ্রী দাস জানান, তপশিলি জাতি কল্যাণ দপ্তরের সার্বিক কাজকর্ম নিয়ে এই বৈঠকে পর্যালোচনা করা হয়। তাছাড়া কলেজ ও বিদ্যালয়গুলিতে তপশিলি জাতিভুক্ত ছাত্রছাত্রীরা স্কলারশিপের অর্থরাশি সময় মতো পাচ্ছে কিনা সেই বিষয়েও খোঁজ খবর নেওয়া হয়। বৈঠকে চলতি অর্থবছরে কাজকর্মের রূপরেখা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

****************************

**Blood Donation-Radhanagar Motorstand :**

পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ আগরতলায় রাধানগর মোটরস্ট্যান্ড ডেভেলপমেন্ট সোসাইটির উদ্যোগে এক মেগা রক্তদান শিবিরের উদ্বোধন করেন। তিনি বলেন, রক্তদানের কোনও বিকল্প নেই। রক্তদানের মধ্য দিয়ে মুমূর্ষু রোগীদের জীবন রক্ষা করে সামাজিক দায়বদ্ধতা পালনের উপর তিনি গুরুত্ব আরোপ করেন। এই শিবিরে মোট ৪৩ জন স্বেচ্ছায় রক্তদান করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা সড়ক পরিবহণ নিগমের চেয়ারম্যান বলাই গোস্বামী, আগরতলা পুরনিগমের মেয়র ইন কাউন্সিল হীরালাল দেবনাথ, কর্পোরেটর সান্ত্বনা সাহা প্রমুখ।

****************************

**Road Safety :**

জনগণের মধ্যে সড়ক সুরক্ষা সচেতনতা বাড়াতে পরিবহন দপ্তরের উদ্যোগে ও টি আর টি সির সহায়তায় আজ রাধানগর বাসস্ট্যান্ডে পথ চলতি দ্বিচক্র যান চালকদের মধ্যে বিনামূল্য হেলমেট বিতরণ করা হয়। পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী হেলমেট বিহীন চালকদের মাথায় হেলমেট পরিয়ে দিয়ে অনুষ্ঠানের সূচনা করেন। অনুষ্ঠানে মন্ত্রী শ্রী চৌধুরী বলেন, রাজ্যে প্রতিবছর মোটর বাইক সহ যান দুর্ঘটনার সংখ্যা সাত থেকে সাড়ে সাতশো। এরমধ্যে মারাত্মক দুর্ঘটনা ঘটে দুই থেকে আড়াইশোটি। এতে অনেকেরই মৃত্যু হয়। সড়ক সুরক্ষা কর্মসূচির মাধ্যমে এই সংখ্যাটা কমিয়ে আনার চেষ্টা করছে পরিবহন দপ্তর। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন টিআরটিসি এর চেয়ারম্যান বলাই গোস্বামী,

আগরতলা পুর নিগমের নর্থ জোনের চেয়ারম্যান প্রদীপ চন্দ্, পরিবহন দপ্তরের কমিশনার উত্তম মণ্ডল, অতিরিক্ত পরিবহন কমিশনার সুব্রত চৌধুরী, সদরের এসডিএম মানিক লাল দাস, এসপি ট্রাফিক মানিক দাস প্রমুখ।

*******************************

**Petrol Pump-Khowai :**

বিধায়ক পিনাকী দাস চৌধুরী আজ কল্যাণপুরের মহাদেব টিলায় ২০৮নং জাতীয় সড়কের মহাদেব টিলা একটি বেসরকারী পেট্রোল পাম্পের উদ্বোধন করেন। বিধায়ক শ্রী দাস জানান, এই পেট্রোল পাম্পে খুব শীঘ্রই একটি সি.এন.জি স্টেশন চালু করা হয়। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সদস্য সুব্রত মজুমদার, খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারপার্সন তাপস কান্তি দাস, খোয়াই জিলা পরিষদের সদস্য উত্তম অধিকারী প্রমুখ।

***************************

**Prevention of Child Trafficking :**

ঊনকোটি জেলার কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে আজ এক কর্মশালা অনুষ্ঠিত হয়। বিষয় ছিল, শিশু পাচার প্রতিরোধ ও মোকাবিলা। জাতীয় শিশু সুরক্ষা অধিকার কমিশনের উদ্যোগে ও রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশন এবং ঊনকোটি জেলা প্রশাসনের সহযোগিতায় এই কর্মশালার আয়োজন। চারা গাছে জল সিঞ্চনের মধ্য দিয়ে এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা। স্বাগত বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার জেলা শাসক

দিলীপ কুমার চাকমা। উপস্থিত ছিলেন, জাতীয় শিশু সুরক্ষা অধিকার কমিশনের কনসালটেন্ট সোনাক্ষি রাধিকা। সভাপতিত্ব করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। জেলা শিশু সুরক্ষা আধিকারিক বিদ্যাসাগর দেববর্মা জানান, শিশু পাচার রোধে পন্থা-পদ্ধতি স্থির করতে বিভিন্ন দপ্তর ও কমিটিগুলোকে যুক্ত করতে এধরনের কর্মশালার আয়োজন।

************************

**PM,G7 :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ইতালির আপুলিয়াতে জি 7 শীর্ষ সম্মেলনের অবসরে একাধিক দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। আজ বিকেলে ফরাসি রাষ্ট্রপতি এমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে দেখা করেন প্রধানমন্ত্রী। দুই নেতা প্রতিরক্ষা, পরমাণু ক্ষেত্র, মহাকাশ, শিক্ষা, জলবায়ু, ডিজিটাল জনপরিকাঠামো, অত্যাধুনিক প্রযুক্তি, যোগাযোগ এবং সংস্কৃতির ক্ষেত্রে অংশীদারিত্বকে আরও জোরদার করার উপায় নিয়ে আলোচনা করেছেন। তারা গুরুত্বপূর্ণ বৈশ্বিক ও আঞ্চলিক বিষয়েও মতবিনিময় করেন। তারা 'মেক ইন ইন্ডিয়া' সহ কৌশলগত প্রতিরক্ষা সহযোগিতা আরও জোরদার করতে সম্মত হয়েছেন। উভয় নেতা আগামী বছর ফ্রান্সে আয়োজিত আসন্ন কৃত্রিম বুদ্ধিমত্তা শীর্ষ সম্মেলন এবং জাতিসংঘের মহাসাগর সম্মেলনের প্রেক্ষাপটে ঘনিষ্ঠভাবে কাজ করার সময কৃত্রিম বুদ্ধিমত্তা, অত্যাধুনিক এবং উদীয়মান প্রযুক্তি, শক্তি এবং খেলাধুলার ক্ষেত্রে সহযোগিতা প্রসারিত করতে সম্মত হন।

প্রধানমন্ত্রী শ্রী মোদি যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাকের সঙ্গেও দেখা করেন।

উভয় নেতা প্রতিরক্ষা ক্ষেত্রে সম্পর্ক আরও দৃঢ় করার বিষয়ে কথা বলেছেন।

শ্রী মোদী জি 7 এর নেতাদের পাশাপাশি আউটরিচ দেশ এবং আন্তর্জাতিক সংস্থাগুলির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক এবং আলোচনা করবেন বলে আশা করা হচ্ছে।

প্রধানমন্ত্রী শ্রী মোদি ইউক্রেনের রাষ্ট্রপতি ভ্লাদিমির জেলেনস্কির সঙ্গে বৈঠক করেন। উভয় নেতা দ্বিপাক্ষিক সম্পর্ক পর্যালোচনা করেন এবং ইউক্রেনের পরিস্থিতি নিয়ে মতবিনিময় করেন। প্রধানমন্ত্রী মোদি জানান যে ভারত আলোচনা ও কূটনীতির মাধ্যমে সংঘাতের শান্তিপূর্ণ সমাধানকে উৎসাহ প্রদান করে।

*****************************

**NEET, Pradhan :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন যে কেন্দ্রীয় সরকার NEET পরীক্ষার্থীদের স্বার্থ রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি শিক্ষার্থীদের আশ্বস্ত করে বলেন যে তাদের সমস্ত উদ্বেগ ন্যায়সঙ্গত ভাবে সমাধান করা হবে এবং এতে কোনও শিক্ষার্থীর অসুবিধা হবে না। আজ সামাজিক মাধ্যমে শ্রী প্রধান বলেছেন, NEET পরীক্ষার সঙ্গে সম্পর্কিত তথ্যগুলি সুপ্রিম কোর্টের নজরে রয়েছে। তিনি বলেন, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী কেন্দ্রীয় সরকার ছাত্রদের মঙ্গলের জন্য প্রয়োজনীয় সমস্ত ব্যবস্থা নেবে। তিনি বলেন, NEET-এর কাউন্সেলিং প্রক্রিয়া শীঘ্রই শুরু হবে এবং কোনও বিভ্রান্তি ছাড়া এতে এগিয়ে যাওয়া জরুরি।

***************************

**Congress-NEET :**

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে আজ NEET পরীক্ষা নিয়ে সরকারের কড়া সমালোচনা করেন। NEET পরীক্ষায় কেলেঙ্কারির অভিযোগ করে তিনি বলেন যে সরকার জাতীয় পরীক্ষা সংস্থার অপব্যবহার করেছে। এক ট্যুইট বার্তায়, শ্রী খার্গে সরকারের পদক্ষেপ নিয়ে প্রশ্ন তুলে বলেন সরকার ২৪ লক্ষ যুবকের আশা-আকাঙ্ক্ষাকে চূর্ণ করেছে।

*******************************

**DYF–SFI :**

মেলারমাঠে ছাত্রযুব ভবনে আজ চে গুয়েভারার জন্মদিন পালন করেছে  বামপন্থী ছাত্রযুব সংগঠনগুলি। সকালে ছাত্র যুব ভবনে বিপ্লবী চে গুয়েভারার প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান ডিওয়াইএফআই এর রাজ্য সম্পাদক নবারুন দেব, এসএফআই এর রাজ্য সভাপতি সুলেমান আলি, সম্পাদক সন্দীপন দে, উপজাতি ছাত্র ইউনিয়নের সাধারন সম্পাদক সুজিত ত্রিপুরা সহ অন্যান্যরা। ডিওয়াইএফআই এর রাজ্য সম্পাদক শ্রী দেব চে গুয়েভারার জীবন ও কর্মধারা নিয়ে আলোচনা করেন।

*****************************

**Protest :**

প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনার সার্টিফিকেট ও স্টাইপেন্ড প্রদানের দাবিতে আজ বাইপাস সংলগ্ন প্রধানমন্ত্রী কুশল কেন্দ্রে বিক্ষোভ দেখিয়েছেন প্রশিক্ষক এবং প্রশিক্ষণপ্রাপ্ত যুবক যুবতীরা। প্রশিক্ষণ প্রাপ্তদের দাবী চলতি বছরের গত মার্চ মাসে বাইপাস সংলগ্ন

প্রধানমন্ত্রী কুশল কেন্দ্রে প্রশিক্ষণ দেওয়া শুরু হয়েছিল। কথা ছিল প্রশিক্ষণ শেষে হলে যুবক যুবতীদের সার্টিফিকেট এবং ব্যাঙ্ক একাউন্টে সরাসরি টাকা দেওয়া হবে। কিন্তু এখনো পর্যন্ত তাঁদের সার্টিফিকেট ও ভাতা প্রদান করা হয়নি।

**********************

**Girls' School Cricket :**

সদরের আন্ত: স্কুল মেয়েদের টি-২০ ক্রিকেটের ফাইন্যালে আসাম রাইফেলস পাব্লিক স্কুল খেলবে প্রণবানন্দ বিদ্যামন্দিরের বিরুদ্ধে। আজ পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে অনুষ্ঠিত দ্বিতীয় সেমিফাইনালে প্রণবানন্দ বিদ্যামন্দির ২৪ রানে বিদ্যাসাগর স্কুলকে পরাজিত করে। আগামীকাল আসরের ফাইনালে খেলাটি হবে।

**************************

**State Senior Cricket :**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের দুটি খেলা বৃষ্টিতে মাঠ ভেজা থাকায় আজ স্থগিত রাখা হয়। উদ্বোধনী দিনে এম বি বি স্টেডিয়ামে সদর ও মোহনপুর এবং ধর্মনগরের কলেজ স্টেডিয়ামে কৈলাসহর ও উদয়পুরের খেলা ছিল। এই দুটি ম্যাচ আগামীকাল হবে বলে টিসিএ থেকে জানানো হয়।

***********************

**Yoga Camp-Aralia :**

আগামী ২১শে জুন দশম আন্তর্জাতিক যোগ দিবসকে সামনে রেখে আজ থেকে আগরতলার আড়ালিয়ার ডঃ বি আর

আম্বেদকর বিদ্যাভবনে ৭ দিন ব্যাপী গ্রীষ্মকালীন যোগা প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। বিবেকানন্দ যোগা কোচিং সেন্টার ও পশ্চিম জেলা যোগা এসোসিয়েশনের যৌথ উদ্যোগে আয়োজিত এই শিবিরে রাজ্যের বিশিষ্ট যোগা ব্যক্তিত্ব ডঃ যীশু চক্রবর্তী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বক্তব্য উত্থাপন করে বলেন, যোগের মাধ্যমে নীরোগ দেহ ও মন নিয়ে দীর্ঘদিন বেঁচে থাকা সম্ভব।

*****************************

**Referee's Fitness Camp :**

ফুটবল রেফারিদের ফিটনেস ক্যাম্প আজ অনুষ্ঠিত হয়। সকালে উমাকান্ত মিনি স্টেডিয়ামে ক্যাম্প সূচনা হয়। ফুটবল মরশুম শুরু হওয়ার আগে রেফারির প্রস্তুতি হিসেবেই এই শিবির করা হচ্ছে বলে রাজ্য রেফারি সংস্থার সচিব নারায়ন দে জানান। শিবিরে রাজ্যের নানা প্রান্ত থেকে ৫৩ জন অংশ নেন।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন পঁচিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ত্রিশ দশমিক চার ডিগ্রী এবং সর্বনিম্ন তেইশ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস। গত চব্বিশ ঘণ্টায় বৃষ্টি হয়েছে তেষট্টি দশমিক দুই মিলিমিটার। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্ত ভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া খোয়াই, ধলাই

এবং ঊনকোটি জেলায় বিক্ষিপ্ত ভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করা হয়েছে।

**************************************************